



## উদ্ভিদবিজ্ঞান বিভাগে মোঃ সামছুল হক ও জোহরা খাতুন ট্রাস্টের উদ্বোধন



২ ফেব্রুয়ারি ২০২১-মঙ্গলবার উদ্ভিদবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অসচ্ছল শিক্ষার্থীদের আর্থিক সহায়তার জন্য পাঁচ লক্ষ টাকা মূল্যমানের তৃতীয় ট্রাস্ট ফান্ড মোঃ সামছুল হক ও জোহরা খাতুন ট্রাস্টের শুভ উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

উদ্বোধনী অনুষ্ঠানে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, উদ্ভিদবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী সাখাওয়াত হোসেন, ট্রাস্টিবৃন্দ, অন্যান্য শিক্ষক-শিক্ষিকাবৃন্দ এবং রেজিস্ট্রার উপস্থিত ছিলেন। এসময় উপাচার্য ট্রাস্ট ফান্ডের দাতাত্রয় জনাব সাহানা পারভীন, জনাব শাহরিয়ার পারভীন এবং জনাব সারোয়ারী পারভীন হককে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। উল্লেখ্য উদ্ভিদবিজ্ঞান বিভাগে চার লক্ষ টাকা মূল্যমানের শেখ আবুল হোসেন ও আবেদা খাতুন ট্রাস্ট ফান্ড এবং পাঁচ লক্ষ টাকা মূল্যমানের ড. মোঃ আতাহার উদ্দিন ট্রাস্ট ফান্ড নামে আরও দুইটি ট্রাস্ট ফান্ড পরিচালিত হয়ে আসছে।